73 26 APR 1996

দৈনিক ইত্তেফাক

তারিখ APR. 1996
পৃষ্ঠা ৩ কলাম ৭

রাজশাহী ভার্সিটি

# ৩২ শত আসনের জন্য ৪০ হাজার আবেদনপত্র

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫-৯৬ সেশনের প্রথমবর্ষ অনার্স ক্লাসের প্রায় তিন হাজার দু'শত আসনে ভর্তির জন্য ৪০ হাজার ৮৬টি আবেদনপত্র বিক্রয় হইয়াছে। ভর্তি আসনের বিপরীতে গড়ে ১৩টি করিয়া আবেদনপত্র বিক্রয় হয়। এইখাতে এবার বিশ্ববিদ্যালয়ের ৪০ লক্ষ ৮ হাজার ৬ শত টাকা আয় হইয়াছে। গত সেশনের চাইতে এবার প্রায় ১৬ হাজার কম আবেদনপত্র বিক্রয় হয়। বিশ্ববিদ্যালয়ের ভর্তি পদ্ধতিতে আংশিক পরিবর্তন, ক্যাম্পাসের অস্থিতিশীল অবস্থা, ৪ বছরের সেশনজট ইত্যাদি কারণে এবার আবেদনকারীর সংখ্যা কম।